# India-US 2+2 Intersessional Dialogue

September 02, 2021

---

# ভারত–আমেরিকা 2+2 আন্তঃঅধিবেশন সম্পর্কিত আলোচনা

সেপ্টেম্বর 02.2021

1 লা সেপ্টেম্বর 2021 –এ ওয়াশিংটন ডিসিতে ভারত এবং আমেরিকার মধ্যে সরকারি স্তরে একটি দ্বিপাক্ষিক 2+2 আন্তঃ অধিবেশন সম্পর্কিত আলোচনা অনুষ্ঠিত হয়েছে। তারা গত অক্টোবর 2020 তে অনুষ্ঠিত 2+2 মন্ত্রীস্তরীয় আলোচনার অগ্রগতি এবং এই বছরের শেষদিকে অনুষ্ঠিতব্য আগামী আলোচনার প্রস্তুতির পর্যালোচনা করেছেন।যৌথভাবে ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব(আমেরিকা) শ্রীমতি বানী রাও ও প্রতিরক্ষা মন্ত্রকের যুগ্ম সচিব (আন্তর্জাতিক সহযোগিতা) শ্রীযুক্ত সোমনাথ ঘোষ। আমেরিকার প্রতিনিধি দলের নেতৃত্বে ছিলেন রাষ্ট্র দপ্তরের দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক প্রধান উপ-সহকারী পররাষ্ট্র সচিব মিঃ এরভিন ম্যাসিঙ্গার পাশাপাশি ইন্দো-প্রশান্তমহাসাগরীয় বিষয়ক প্রতিরক্ষার সহকারী সচিব ডঃ এলি র‍্যাটনার ।

উভয় পক্ষ প্রতিরক্ষা, বিশ্বজনীন জন স্বাস্থ্য, অর্থনৈতিক এবং বাণিজ্যিক সহযোগিতা, বিজ্ঞান ও প্রযুক্তি, পরিস্কার শক্তি এবং জলবায়ুতে অর্থলগ্নী ও জনগণের সাথে জনগণের মৈত্রি বন্ধন সহ ভারত -আমেরিকা কৌশলগত অংশদারিত্বের অধীনে দ্বিপাক্ষিক আলোচ্যসূচীর অগ্রগতি এবং উন্নতির সামগ্রিক খবরাখবর নিয়েছেন।তারা পারস্পরিক স্বার্থের উপরে ভিত্তি করে এই ক্ষেত্রগুলিতে বহমান সহযোগিতা বৃদ্ধির সুযোগগুলির অনুসন্ধান করেছেন। মহাকাশ, সাইবার সুরক্ষা এবং উদীয়মান প্রযুক্তির মত সমসাময়িক ক্ষেত্রগুলিতে সহযোগিতা নিয়েও আলোচনা করা হয়েছে।

সকারি আধিকারিকদের, স্থিতিশীলতা ও সমৃদ্ধি এবং একটি মুক্ত ও একীভূত ইন্দো-প্রশান্তমহাসাগরীয় অঞ্চলের জন্য, শান্তির জন্য তাদের বন্টিত দৃষ্টিভঙ্গির প্রদান, দক্ষিণ এশিয়া, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল ও পশ্চিম মহাসাগরীয় অঞ্চলের সাম্প্রতিক বিকাশ, সম্পর্কে মূল্যায়নের আদানপ্রদান করার সুযোগ পেয়েছেন। তারা সন্ত্রাসদমন, এইচএডিআর এবং সামুদ্রিক সুরক্ষার ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর সম্ভাবনাকেও বিবেচনা করেছেন।

এই বছরের শেষদিকে নির্ধারিত 2+2 মন্ত্রী পর্যায়ের আলোচনার আগে এই আলোচনাকে এগিয়ে নিয়ে যেতে দুই তরফই সহমত হয়েছেন।

ওয়াশিংটন ডিসি
সেপ্টেম্বর02,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.